তারিখ ....11 MAY 2017
পৃষ্ঠা ৪ ... কলাম ৪

### একাদশ শ্রেণীতে ভর্তিতে অতিরিক্ত অর্থ আদায় বন্ধে

# নগরীর ৬টি পয়েন্টে অভিযোগ বাক্স স্থাপনের ঘোষণা ছাত্রলীগের

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম মহানগরীর ৬টি পয়েন্টে অভিযোগ বাক্স স্থাপনের ঘোষণা দিয়েছে নগর ছাত্রলীগ। কলেজগুলোতে একাদশ শ্রেণীতে ভর্তিতে অতিরিক্ত অর্থ আদায় বন্ধে এমন সিদ্ধান্তের কথা জানিয়েছেন ছাত্রলীগ নেতারা। গতকাল দুপুরে চট্টগ্রাম প্রেসক্লাবের সামনে নগর ছাত্রলীগ আয়োজিত মানববন্ধন ও সমাবেশ থেকে এই সিদ্ধান্তের কথা জানানো হয়।

সমাবেশে নগর ছাত্রলীগের সভাপতি ইমরান আহমেদ ইমু বলেন, ৬টি অভিযোগ বাক্সের মাধ্যমে অভিভাবকদের ভর্তিবাণিজ্য প্রতিরোধে সম্পৃক্ত করছি। চট্টগ্রামের সকল কলেজের ভর্তি কার্যক্রমে ছাত্রলীগের নেতাকর্মীদের নজরদারি থাকবে। সাধারণ সম্পাদক নুরুল আজিম রনি বলেন, ল্যাপটপ, ট্যাব, মাল্টিমিডিয়ার স্বপ্ন দেখিয়ে কোন কলেজ প্রচারণা চালালে বুঝতে হবে এরা প্রতারক। এসব কলেজে শিক্ষার কোন মান নেই। শিক্ষা কোন লটারির ব্যবসা নয়। এটা অভিভাবকদের বুঝতে হবে। অভিভাবকদের উদ্দেশে তিনি আরও বলেন, অতীতে কলেজের ড্রেস, বই, ডায়রি বাবদ অনেক কলেজ ভর্তির সময় আলাদা রসিদে টাকা নেয়া হয়েছে। এরকম আলাদা রসিদে বা বিনা রসিদে অর্থ দাবি করলে আমাদের জানান। সরকারি নির্দেশনা মোতাবেক কলেজ ভর্তিতে ৩ হাজার টাকার অতিরিক্ত একটা টাকাও দেবেন না।

৬টি অভিযোগ বাক্স সবার জন্য উন্মুক্ত থাকবে বলেও সমাবেশে জানিয়েছেন ছাত্রলীগ নেতারা। প্রেসক্লাবের নিচতলায় বাতিঘর, চকবাজার মোড়ের মতি টাওয়ার, জিইসি মোড়ের সানমার ওশ্যান সিটি, আগ্রাবাদে হোটেল জামানের সামনে, নিউমার্কেট মোড়ের ফুলকলি মিষ্টির দোকান এবং বহদ্দারহাট মোড়ে ওয়েলফুডের শোরুমের সামনে এই ৬টি বাক্স স্থাপন করা হবে বলে জানানো হয়েছে।